

আধুনিকা বাংলাদেশ : adhunika.org

রানু ফেরদৌস

আধুনিকা শব্দটি সবারই পরিচিত। কিন্তু আধুনিকা ডট অর্গ যখন শুনলাম, খুব আগ্রহ হল বিষয়টি জানবার জন্য। কি আছে এখানে?

শুনলাম এটি বাংলাদেশী কয়েকটি মেয়ে কর্তৃক পরিচালিত ওয়েব ভিত্তিক একটি মেয়েদের ম্যাগাজিন, যেখানে মেয়েরাই লেখক, মেয়েদের খবরাখবরই এখানে স্থান পায়। তবে মাধ্যমটি ইংরেজী। যে সব মেয়েরা এর সঙ্গে জড়িত বেশীর ভাগই এখানে পড়াশুনা করেছে অংশতঃ। কেউ কেউ চাকরিও করছে বিভিন্ন প্রতিষ্ঠানে। শুনে বেশ ভাল লাগলো। তবে আধুনিকা নাম ও ইংরেজী মাধ্যম নিয়ে কিছু প্রশ্ন মনে উঁকি দিল।

মনে মনে এক ধরনের ব্যাখ্যা ধরে নিলেও এই আধুনিকা ডট অর্গের নির্মাতা শাহনাজ ইউসুফকে জিজ্ঞেস করেছিলাম আধুনিকা নামটি কেন?

এর উত্তর শুনে এবং ইংরেজী মাধ্যমের কারণে মনে হয়েছিল, এটি ইংরেজী জানা একটি বিশেষ শ্রেণীর মেয়েদের মধ্যে সীমাবদ্ধ থাকবে হয়তো। বাংলাদেশের কত ভাগ মেয়ে ইংরেজী জানে ও কম্পিউটার ব্যবহার করে। এসব নিয়ে অনেক অনেক কথা হয়েছে ওর সঙ্গে।। বলেছিলাম যদি বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ মেয়েদের কথা ভাবো তাহলে শুধুমাত্র ইংরেজী মাধ্যম নয়, বাংলা মাধ্যমও অর্ন্তভুক্ত করা দরকার। তো পরে বাংলা মাধ্যমও শুরু করা হয়, আধুনিকায়। লেখা পাঠাই ওখানে। সর্বপ্রকার সহযোগিতার আশ্বাস দেই, একসময় খানিকটা জড়িয়েও পড়ি, নানাভাবে।

২০০২ সালে আধুনিকা ডট কম নামে এর যাত্রা শুরু। ২০০৩ সালে আধুনিকা ডট অর্গ নামকরণ করা হয়। ২০০৩ সালে বাংলাদেশেও আধুনিকার ভিন্নতর কার্যক্রম শুরু হয়, অত্যন্ত ছোট্ট পরিসরে। মেয়েদের জন্য বিনামূল্যে কম্পিউটার ট্রেনিং-এর ব্যবস্থা করা হয়। মেয়েদের জন্য ইনফরমেশন টেকনোলজী প্রজেক্ট-এর আওতায় এই কার্যক্রম শুরু হয়। বাংলাদেশের ঢাকার আজিমপুরে অবস্থিত একটি অফিস প্রথমে সহযোগিতা প্রদান করে। তারা তাদের কম্পিউটার ব্যবহারের সুযোগ করে দেয় সপ্তাহে একদিন। একজন প্রশিক্ষক রাখা হয় ট্রেনিং প্রদানের উদ্দেশ্যে। কয়েকজন বন্ধুবান্ধব ডলার সংগ্রহ করে, প্রাথমিকভাবে কাজটি শুরু করে, প্রশিক্ষককে বেতন প্রদান করার উদ্দেশ্যে। পরবর্তীতে সহযোগিতা প্রদানকারী অফিস স্থান পরিবর্তন করে অন্যত্র চলে যায়। আধুনিকা উক্ত স্থানে একটি কক্ষ ভাড়া নিয়ে বর্তমানে তার কার্যক্রম চালাচ্ছে। অত্যন্ত সীমিত আকারে প্রকল্পটি শুরু হয়েছে, সবে মাত্র হাটি হাটি পা অবস্থা আর কি! ব্যক্তিগতভাবে অনেকের সাহায্য, অনুদানের সাহায্যেই কার্যক্রমটি অব্যাহত রয়েছে।



আধুনিকা ডট অর্গের বাংলাদেশের অংশটিকে 'আধুনিকা বাংলাদেশ' নাম দেয়া হয়েছে। মূল উদ্দেশ্য কম সুবিধাভোগী মেয়েদের পর্যাপ্ত কম্পিউটার ট্রেনিং-এর মাধ্যমে কর্মসংস্থানের ক্ষেত্রে উপযুক্ত করে তোলা।

আমরা জানি বাংলাদেশে মেয়েদের অগ্রগতি এখনও অনেক পিছিয়ে আছে। অগ্রাধিকার ভিত্তিতে পরিবারে ছেলেটিই বেশী সুযোগ-সুবিধা পেয়ে থাকে। আধুনিকার উদ্দেশ্য আগামীতে এই সংস্থা থেকে মেয়েদের ইংরেজী শিক্ষাকোর্স প্রদান করার ও এটাকে আরো সম্প্রসারণ করা। বর্তমানে এই সংস্থা থেকে ৪৮টি মেয়ে অফিস এ্যাডমিনিস্ট্রেশন সংক্রান্ত কম্পিউটার ট্রেনিং নিয়ে বেরিয়েছে।

এটি একটি স্বৈচ্ছাসেবী সংস্থা। এর সাফল্য ও অগ্রযাত্রার জন্য নারী-পুরুষ নির্বিশেষে সকলের সহযোগিতা কাম্য। ইতিমধ্যে অনেকেই সহযোগিতার আশ্বাস দিয়েছেন। আধুনিকার কার্যক্রম বিস্তারিত জানার জন্য পরিদর্শন করতে পারেন - www.adhunika.org ওয়েব সাইটটি। এছাড়া অন্যান্য যোগাযোগের জন্য শাহনাজ ইউসুফের ই-মেইল ঠিকানা - Shahnaz_Yousuf@yahoo.com।

আধুনিকার অগ্রযাত্রা ও বাংলাদেশের মেয়েদের অগ্রযাত্রা অব্যাহত থাকুক। ■

